

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, অক্টোবর ২৭, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ০৮ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/২৩ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং-৩১৩-আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, বাংলাদেশের উপকূলীয় এলাকার দরিদ্র জনগোষ্ঠীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের স্বার্থে Fael Khair Program in Bangladesh এর অর্থায়নে ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক এর তত্ত্বাবধানে “৫ (পাঁচ) টি ভাসমান হাসপাতাল জাহাজ নির্মাণ ও পরিচালনা” প্রকল্প বাস্তবায়নকল্পে কেবল উক্ত প্রকল্পের জন্য মালামাল আমদানি, পণ্যসামগ্রী সরবরাহ এবং অন্যান্য সেবা গ্রহণের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন হইতে এবং প্রকল্পের বাস্তবায়নকারী বেসরকারি প্রতিষ্ঠান “ফেন্ডশিপ” কে কেবল উক্ত প্রকল্প হইতে অর্জিত আয়ের উপর Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে এতদ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:—

শর্তসমূহ:

- (ক) এই প্রজ্ঞাপনের মাধ্যমে প্রদত্ত কর অব্যাহতি কেবল “Fael Khair Program in Bangladesh” এর অর্থায়নে “৫ (পাঁচ) টি ভাসমান হাসপাতাল জাহাজ নির্মাণ কাজ ও পরিচালনা প্রকল্প” এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে; এবং

(১৩৫১৩)
মূল্য : টাকা ৮.০০

(খ) প্রকল্পের বাস্তবায়নকারী প্রতিষ্ঠান “ফ্রেন্ডশিপ” কে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। ইহা অবিলম্বে কার্য্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ভুঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।